

# COVID-19 চিকিৎসাসমূহ এখন উপলব্ধ

COVID-19 চিকিৎসাসমূহ আপনার শরীরে উপস্থিত ভাইরাসের সংখ্যা কম করতে পারে, উপসর্গ হ্রাস করতে পারে এবং আপনাকে হাসপাতালে যাওয়া এড়াতে সাহায্য করতে পারে। অসুস্থ হওয়ার পরে দ্রুত চিকিৎসা শুরু করার ফল সব চেয়ে ভালো হয়, তাই অবিলম্বে পরীক্ষা করানো গুরুত্বপূর্ণ যদি আপনার উপসর্গ থাকে।

**যদি আপনার ফলাফল পজিটিভ হয়, চিকিৎসা সম্পর্কে জিজ্ঞাসার জন্য আপনার স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে অথবা 212-268-4319 নম্বরে ফোন করুন।**

## কী ধরনের চিকিৎসা উপলব্ধ?

সবচেয়ে ব্যবহৃত চিকিৎসা পদ্ধতি হচ্ছে মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল বডি (পাঁচ দিন ধরে নেওয়া বডি)। 12 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তিগণ যাদের গত পাঁচ দিনের মধ্যে উপসর্গ শুরু হয়েছে তারা মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল চিকিৎসা নিতে পারেন, যদি উপযুক্ত হন।

12 বছর বা তার চেয়ে কমবয়সীরা যারা মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল নিতে পারবে না তারা অন্যান্য ধরনের চিকিৎসা নিতে পারবে।

## চিকিৎসা পাওয়ার উপযুক্ত কারা?

যারা COVID-19 এর পরীক্ষায় পজিটিভ ফল পেয়েছে (যে কোনো ধরনের পরীক্ষা ব্যবহার করে) এবং উপসর্গে ভুগছে তারা চিকিৎসার উপযুক্ত হবে।

চিকিৎসার কথা জিজ্ঞেস করুন, বিশেষ করে যদি আপনার:

- বয়স 65 বছর এবং তার বেশি হয়
- কোনো অন্তর্নিহিত স্বাস্থ্যগত অবস্থা থাকে, যেমন স্মলতা, ডায়াবেটিস, হৃদরোগ, ফুসফুসের সমস্যা, কিডনির রোগ, দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা, অথবা গর্ভবতী হওয়া

আপনি যদি কোনো ওষুধ নেওয়া অবস্থায় থাকেন তাহলে আপনার সেবা প্রদানকারীকে জানান, যেহেতু এটি আপনি কোন ধরনের চিকিৎসা পাবেন তাকে প্রভাবিত করতে পারে।



## আমি কীভাবে চিকিৎসা পাব?

যদি আপনার ফলাফল পজিটিভ হয়, সাথে সাথে আপনার সেবা প্রদানকারীকে কল করুন। আপনি উপযুক্ত হলে আপনার সেবা প্রদানকারী আপনাকে মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল চিকিৎসা দিতে পারেন বা অন্যান্য চিকিৎসা পদ্ধতি খুঁজে নিতে সাহায্য করতে পারেন।

সেই সাথে আপনি:

- একটি NYC Health + Hospitals "Test & Treat" (পরীক্ষা ও চিকিৎসা) কেন্দ্র খুঁজে নিতে পারেন [nyc.gov/covidtest](https://nyc.gov/covidtest) ঠিকানায় গিয়ে অথবা 212-268-4319 বা **311** নম্বরে ফোন করে।
- সরকারী "Test to Treat" (চিকিৎসার জন্য পরীক্ষা) কেন্দ্র চিহ্নিতকারী ভিজিট করুন [aspr.hhs.gov/TestToTreat](https://aspr.hhs.gov/TestToTreat) ঠিকানায়।

## চিকিৎসায় কত খরচ হয়?

মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল চিকিৎসা বর্তমানে বিনামূল্যের। অন্যান্য ধরনের চিকিৎসার জন্য খরচ হতে পারে — চিকিৎসা প্রতিষ্ঠান এবং আপনার স্বাস্থ্য সেবা প্ল্যানের সাথে যে কোনো খরচ-শেয়ারিং এর জন্য যোগাযোগ করুন। NYC Health + Hospitals ইমিগ্রেশন স্ট্যাটাস বা মূল্য পরিশোধের ক্ষমতা নির্বিশেষে সেবা প্রদান করে।

টিকা দেওয়া হচ্ছে আপনার নিজেকে, পরিবারকে ও আপনার সম্প্রদায়কে COVID-19 থেকে বাঁচানোর সেবা উপায়। একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে, [nyc.gov/vaccinefinder](https://nyc.gov/vaccinefinder) ভিজিট করুন অথবা 877-829-4692 নম্বরে ফোন করুন।